

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
(আইসিটি শাখা)
www.narsingdi.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৬৮০০.১২২.০৭.০০১.২২-২৮ ২০

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১
২৪ এপ্রিল ২০২৪

বিষয়ঃ নরসিংদী জেলার ওয়েব পোর্টালে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল অফিসের তথ্য হালনাগাদকরণ।


সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, ঢাকা এর স্মারক নং-৪৬.৪১.৩০০০.০০৬.১৭.১৭৭.১৯-৩৪০ তারিখ: ২৫
জুন ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ও এটুআই এর উদ্যোগে জাতীয় তথ্য বাতায়ন প্রতিনিয়ত তথ্য ও সেবায় সমৃদ্ধ হচ্ছে। সরকারের সকল উন্নয়নমূলক কার্যক্রম জনগণকে অবহিতকরণ এবং জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে অফিসসমূহের ওয়েবসাইট তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখছে। উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের ওয়েবসাইট থেকে জানা যাচ্ছে কোথায়, কীভাবে এবং কোন পদ্ধতিতে সেবা প্রদান করা হয়। এর ফলে নাগরিকের বিভিন্ন সেবা প্রাপ্তি কেবল সহজতর হচ্ছে না, প্রশাসনের গতিশীলতা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুনাম অনেকাংশে নিশ্চিত হচ্ছে এবং এর অংশ হিসেবে উপজেলা, পৌরসভা ও ইউনিয়নের তথ্য বাতায়নে 'উপজেলা ও ইউনিয়ন সম্পর্কিত' মেনু ও সাব-মেনুতে নিম্নোক্ত তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

- ❖ উপজেলা, পৌরসভা ও ইউনিয়নে চলমান উন্নয়ন প্রকল্প, সামাজিক সুরক্ষা কর্মসূচি, বাজেট ও ক্রয় পরিকল্পনা উদ্যোগের ছবিসহ তালিকা ওয়েবসাইটে হালনাগাদকরণ।
- ❖ উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক সরকারি হাসপাতাল, বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, কমিউনিটি ক্লিনিক এর নাম ও যোগাযোগের নম্বর।
- ❖ ইউনিয়ন পরিষদের ছবি, চেয়ারম্যানগণের ছবি, ইউনিয়ন পরিষদের সচিবের ছবি, যোগাযোগ নম্বর, ইউনিয়ন পরিষদের সেবার সকল তথ্য, সকল সার্ভিসের ফি এর তালিকা। উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে যে সকল ভাতা কার্যক্রম চলমান রয়েছে তার তথ্য এবং ভাতাপ্রাপ্তির উপযোগী বেদেসহ সুবিধাবঞ্চিত অন্যান্য জনগোষ্ঠীর তালিকা প্রণয়ন।
- ❖ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তার নাম, ছবি ও মোবাইল নম্বর।
- ❖ ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে যে সকল সেবা প্রদান করা হয় তার ফি'সহ তালিকা।
- ❖ উপজেলা ও ইউনিয়ন পোর্টালে বিনিয়োগকারী প্রতিষ্ঠানের তালিকা অন্তর্ভুক্তকরণ।
- ❖ আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগী জনগোষ্ঠীর ছবি ও তালিকা।
- ❖ আমার বাড়ি, আমার খামার প্রকল্পের সুবিধাভোগী জনগোষ্ঠীর ছবি ও তালিকা।
- ❖ উপজেলা, পৌরসভা ও ইউনিয়নের অন্তর্ভুক্ত এনজিও প্রতিষ্ঠানের নাম ও উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম।
- ❖ শিক্ষা সম্পর্কিত যেমন, সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, সরকারি-বেসরকারি উচ্চ বিদ্যালয়, জুনিয়র হাইস্কুল, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, মাদ্রাসা, বেসরকারি এবতেদায়ী মাদ্রাসা, ইংলিশ মিডিয়াম স্কুল, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ নম্বর ও ছাত্র ছাত্রীর সংখ্যা। শিক্ষার হার, স্কুল ও কলেজ পর্যায়ে ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরে উপবৃত্তি প্রদানকৃত ছাত্র/ছাত্রীর সংখ্যা। ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরে প্রদানকৃত উপবৃত্তির টাকার পরিমাণ। প্রাইমারি, হাইস্কুল, কলেজ পর্যায়ে শিক্ষকের সংখ্যা, মসজিদ ও মন্দির ভিত্তিক পাঠশালার সংখ্যা, শিক্ষা প্রতিষ্ঠানের উপজেলা কমিটি, এনজিও এর মাধ্যমে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা, শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সংখ্যা ও ভ্রাম্যমাণ লাইব্রেরীর সংখ্যা।
- ❖ উপজেলা, পৌরসভা ও ইউনিয়নের আওতায় বিদ্যুৎ প্রকল্প, বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী, বিদ্যুৎ গ্রাহক ও সেচ সংযোগ সংখ্যা।
- ❖ অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান, কাজের বিনিময়ে খাদ্য, রিলিফ, ডিজিএফ, জিআর, মানবিক সহায়তা ও সামাজিক নিরাপত্তা বেটনি কর্মসূচি এর আওতায় সুবিধাভোগীর সংখ্যা, ছবি ও ভিডিও।

- ❖ পল্লি সঞ্চয় ব্যাংক এর ছবি ও যোগাযোগ নম্বর।
- ❖ পরিবেশ সুরক্ষায় সরকারের যাবতীয় কার্যক্রমের ক্যাম্পেইন।
- ❖ ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ গঠনে উপজেলা, পৌরসভা ও ইউনিয়নে চলমান কার্যক্রম।
- ❖ ২০১৯-২০২০, ২০২০-২১ অর্থ বছরে উপজেলা, পৌরসভা ও ইউনিয়নে করোনাকালীন সরকারের খাদ্য ও আর্থিক সহযোগিতার পরিমাণ ছবি এবং ভিডিও আকারে আপলোড।

এমতাবস্থায়, ওয়েব পোর্টালে আপনার উপজেলার তথ্যাদি আগামী ১৫ মে ২০২৪ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে হালনাগাদ করে স্ক্রিনশটসহ প্রতিবেদন এ কার্যালয়ের আইসিটি শাখায় সরাসরি/ ইমেইলে (acictnarsingdi@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। যে সকল দপ্তরের তথ্য ইতোমধ্যে পূর্ণরূপে হালনাগাদ করা হয়েছে সে সকল দপ্তরও আবশ্যিকভাবে সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করবেন। এ বিষয়ে যেকোন ধরনের সহযোগিতার জন্য জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নরসিংদী সদর, নরসিংদী (০১৯১৪-৪৬০৩২৫) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


 ড. বদিউল আলম
 জেলা প্রশাসক

ফোন: +৮৮০২৯৪৬২৫০০

ফ্যাক্স +৮৮০২৯৪৬৪৪৩৩

Email: dcnarsingdi@mopa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার

-----, নরসিংদী

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। উপপরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নরসিংদী
- ৩। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
- ৪। সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব প্রোগ্রামার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নরসিংদী (ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্ত সকল সহযোগিতা প্রদানের অনুরোধসহ)
- ৫। চেয়ারম্যান (সকল)-----ইউনিয়ন পরিষদ, -----নরসিংদী